খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন

MA in English Literary Studies প্রোগ্রাম, শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১।	প্রোগ্রামের শিরোনাম	ঃ	MA in English Literary Studies
২।	প্রোগ্রামের মেয়াদ	ঃ	ক) থিসিস ব্যতীত : ০১ বছর (০২ টার্ম) খ) থিসিসসহ : ০১ বছর ০৬ মাস (০৩ টার্ম)
৩।	আসন সংখ্যা	ঃ	সাধারণ আসন সংখ্যা ৪৩ (তেতাল্লিশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। কোটায় না পাওয়া গেলে সাধারণ আসন থেকে ভর্তি করে উক্ত আসনসমূহ পূর্ণ করা হবে। মোট আসন সংখ্যা = (৪৩+১+১) = ৪৫ টি
৪।	আবেদন করার জন্য যোগ্য প্রার্থী	ঃ	ইংরেজি-তে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে ক্লাস শুরুর পর থেকে ২ মাসের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
৫।	আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা	ঃ	পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সিজিপিএ ন্যূনতম ২.২৫/দ্বিতীয় শ্রেণি। স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ২.২৫/দ্বিতীয় শ্রেণি। প্রার্থীর পছন্দ, স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফল বিবেচনা করে থিসিস গ্রুপ এ ভর্তি করা হবে।
৬।	আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে	ঃ	
			ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট/ট্রান্সক্রিপ্ট ও সনদপত্রের কপি;
			খ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
৭।	ইংরেজি ডিসিপ্লিনের ওয়েবসাইট www.ku.ac.bd/discipline/eng/notices থেকে আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে হবে। প্রার্থীকে ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ইন ইংলিশ লিটারারী স্টাডিজ নামে অগ্রণী ব্যাংক পিএলসি, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়) প্রদান করতে হবে।		
৮।	ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।		
৯।	ভর্তি সংক্রান্ত তারিখসমূহ	ঃ	
	ক) ভর্তি ফরম জমা দেয়ার শেষ তারিখ	ঃ	২০/১২/২০২৬ খ্রি. (বিকাল ৪:০০টা পর্যন্ত);
	খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ	২২/১২/২০২৬ খ্রি. ;
	গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ	০৪/০১/২০২৭ খ্রি. তারিখ, সকাল ১০:০০ (লিখিত পরীক্ষা)
	ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	ঃ	০৫/০১/২০২৭ খ্রি.;
	ঙ) সাধারণ আসন থেকে ভর্তি	ঃ	০৬/০১/২০২৭ খ্রি. (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত)
	চ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ	০৬/০১/২০২৭ খ্রি. (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত)
	ছ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	ঃ	০৭/০১/২০২৭ খ্রি. (সকাল ৯:৩০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত, সিট খালি থাকা সাপেক্ষে) ;
	জ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ	০৭/০১/২০২৭ খ্রি. দুপুর ১২:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত ;
	ঝ) কোর্স রেজিস্ট্রেশন	ঃ	জানুয়ারি, ২০২৭ (তারিখ পরবর্তীতে জানানো হবে)
	ঞ) ক্লাশ শুরু	ঃ	জানুয়ারি, ২০২৭ (তারিখ পরবর্তীতে জানানো হবে)
১০।	থিসিস গ্রহণের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা BA (Hons.) in English with Project / Thesis সহ কমপক্ষে সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।		
১১।	থিসিস গ্রহণের ক্ষেত্রে প্রার্থীকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণের পরে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **মৌখিক পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১০/০১/২০২৭ খ্রি., সকাল : ১১:০০ টা।**		
১২।	ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।		

বিঃ দ্রঃ ১। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত হবে।
২। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।

১০.১১.২০২৬

(প্রফেসর ড. আব্দুর রহমান শাহীন)
প্রধান, ইংরেজি ডিসিপ্লিন
ও
সভাপতি,
MA in English Literary Studies ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮